# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৪৬

২৫/ জিহাদের ফযীলত (كتاب فضائل الجهاد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ শহীদের সাওয়াব।

باب مَا جَاءَ فِي ثَوَابِ الشُّهَدَاءِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ طَلْحَةَ الْيَرْبُوعِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْقَتْلُ فِي سَبِيلِ اللَّهِ يُكَفِّرُ كُلَّ خَطِيئَةٍ " . فَقَالَ جِبْرِيلُ إِلاَّ الدَّيْنَ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِلاَّ الدَّيْنَ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ وَجَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي قَتَادَةَ . وَهَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ أَبِي بَكْرٍ إِلاَّ مِنْ حَدِيثِ هَذَا الشَّيْخِ . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ عَنْ هَذَا الْحَدِيثِ فَلَمْ يَعْرِفْهُ وَقَالَ أُرَى أَنَّهُ أَرَادَ حَدِيثَ حُمَيْدٍ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " لَيْسَ أَحَدٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ يَسُرُّهُ أَنْ يَرْجِعَ إِلَى الدُّنْيَا إِلاَّ الشَّهِيدُ " .

বাংলা

১৬৪৬। ইয়াহইয়া ইবনু তালহা কূফী (রহঃ) ... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে নিহত হওয়া সকল গুনাহের কাফফারা। জিবরাঈল (আঃ) তখন বললেন, ঋণ ছাড়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ঋণ ছাড়া (অন্য সব কিছুর জন্য)।

সহীহ, মুসলিম ইবনু উমর হতে, ইরওয়া ১১৯৬, গায়াতুল মারাম ৩৫১, তাখরীজুল মুশকিলাতুল ফাকর ৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৪০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে কা’ব ইবনু ’উজরা, জাবির, আবূ হুরায়রা, আবূ কাতিাদা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি গারীব। এই ওস্তাদ (শায়খ) ইয়াহইয়া ইবনু তালহা কুফী ছাড়া আবূ বকর ইবনু আয়্যাশ-এর রিওয়ায়অত হিসাবে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। মুহাম্মদ ইবনু ইসমাঈল বুখারী (রহঃ)-কে এই হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম তিনি এটি বলতে পারেন নি। তিনি বললেন, আমার মনে হয় তিনি হয়ত হুমায়দ-আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত নিম্নের হাদীসটিকে বুঝাতে

চেয়েছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, কোন জান্নাতী ব্যক্তিকেই দুনিয়াতে ফিরে আসা আনন্দিত করবে না, শহীদ ছাড়া।

## English

Narrated Anas:

That the Messenger of Allah (ﷺ) said: "Dying in the cause of Allah expiates every sin." Jibril said: "Except for debt." So the Messenger of Allah (ﷺ) said: "Except the debt."

[Abu 'Eisa said:] There are narrations on this topic from Ka'b bin 'Ujrah, Jabir, Abu Hurairah, and Abu Qatadah. This Hadith is Gharib, we do not know of it as a Hadith of Abu Bakr (a narrator) except from this Shaikh (Yahya bin Talhah)

He said: I asked Muhammad bin Isma'il about this Hadith and he did not know it. He said: "I think that he intended the Hadith of Humaid, from Anas, from the Prophet (ﷺ) that he said: 'There is none from the people of Paradise who would like to return to the world except for the martyr.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22155

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন